



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৬ এপ্রিল ২০১৭ খ্রি.

৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ডে সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক বিরোধী এবং নিয়মিত পৌরকর পরিশোধে সচেতনতা সমাবেশ ও র্যালী

সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক বিরোধী এবং নিয়মিত পৌরকর পরিশোধে সচেতনতা সৃষ্টির লক্ষে নগরীর ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ডে স্থানীয় কাউন্সিলর মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে ১৫ এপ্রিল ২০১৭ খ্রি. শনিবার, বেলা সাড়ে ১১ টায় র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থার সহ সভাপতি আলহাজ্ব হাফিজুর রহমান। হাফিজ মুহাম্মদ শাহীন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন পূর্ব মাদারবাড়ী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোখলেছুর রহমান, আলহাজ্ব আব্দুল মতি সর্দার, রনজিত রক্ষিত, মোহাম্মদ মাসুদ, মো. করিম, মো. আদনান, হাজী নাছিম প্রমুখ। এ ছাড়াও উপস্থিত ছিলেন হাজী ইলিয়াছ সওদাগর, সাবেক সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর রেখা আলম চৌধুরী।

চট্টগ্রাম- ১৬ এপ্রিল ২০১৭ খ্রি.

১৫ নম্বর ঘাট এলাকায় নির্মাণাধীন সেতুর প্রথম গার্ডার ঢালাইয়ের কাজ পরিদর্শন করলেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

১৬ এপ্রিল ২০১৭ খ্রি. রবিবার দুপুরে ১৫ নম্বর ঘাট এলাকায় নির্মাণাধীন সেতুর প্রথম গার্ডার ঢালাইয়ের কাজ পরিদর্শন করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি কাজের অগ্রগতি দেখে সন্তোষ প্রকাশ করেছেন। মেয়র কাজের গুণগতমান নিশ্চিতের মাধ্যমে দ্রুতগতিতে নির্মাণকাজ এগিয়ে নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। উল্লেখ্য ১৫ নম্বর ঘাটে ৪০ মিটার দীর্ঘ ও ২ মিটার উচ্চতার নয়টি গার্ডার ঢালাই করা হবে। এছাড়াও মেয়র ৯ নম্বর গুপ্তখাল ও রুবি সিমেন্ট কারখানা এলাকার দুটি নির্মাণাধীন সেতুও পরিদর্শন করেন। এ সময় তিনি প্রকৌশলীদের সঙ্গে কাজের অগ্রগতি নিয়ে কথা বলে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন। এ সময় ৪১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, জাইকার প্রকল্প পরিচালক শহীদুল ইসলাম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী রফিকুল ইসলাম, জাইকার কোয়ালিটি কন্ট্রোল ইঞ্জিনিয়ার তফাজ্জল হোসেন, সিনিয়র ফিল্ড ইঞ্জিনিয়ার জাহাঙ্গীর আলম, চসিকের নির্বাহী প্রকৌশলী আবু সাদাত মো. তৈয়ব, মেয়রের ব্যক্তিগত সহকারী রায়হান ইউসুফ প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা